ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭০৩
উদয়পুর, ১৫ মে, ২০২৫

**কাঁকড়াবনে চড়ক মেলা ও গাজন উৎসবের উদ্বোধন**

গতকাল উদয়পুরের কাকড়াবনে চড়ক মেলা ও গাজন উৎসব অনুষ্ঠিত হয়। উৎসবের উদ্বোধন করেন বেনারস থেকে আগত আচারিয়া শঙ্কর মহারাজজী। অনুষ্ঠানে ভাষণ রাখতে গিয়ে তিনি বলেন, ত্রিপুরা রাজ্যের কৃষ্টি, সংস্কৃতি, পরম্পরা সারাদেশেই সমাদৃত। এই চড়ক মেলা প্রায় সারা দেশে বিভিন্ন নামে হয়ে থাকে। সমাজে সকল স্তরের মানুষের মধ্যে ঐক্যকে সুদৃঢ় করতে চরক মেলার গুরুত্ব রয়েছে। অনুষ্ঠানে গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় বলেন, আমাদের ঐতিহ্যবাহী উৎসবগুলির মধ্যে অন্যতম হলো চরক ও গাজন মেলা। এই মেলার মাধ্যমে মানুষের মধ্যে সম্প্রীতির বন্ধন গড়ে ওঠে। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন, বিধায়ক অভিষেক দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, উদয়পুর মহকুমার মহকুমা শাসক ত্রিদিপ সরকার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কাকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুপ্রিয়া সাহা, বিডিও অনিন্দ্য দত্ত মজুমদার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা অজয় দে, সমাজসেবী বিশ্বজিৎ সরকার প্রমুখ।

*****